# Times Today BD

ডেস্ক রিপোর্ট | শিক্ষা | 25 June, 2025

২০২৬ সালের এইচএসসি, আলীম ও সমমান পরীক্ষা পূর্ণাঙ্গ পাঠ্যসূচি (সিলেবাস) অনুযায়ী সব বিষয়ে পূর্ণ সময় ও পূর্ণ নম্বরে অনুষ্ঠিত হবে বলে জানিয়েছে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি)।

গত সোমবার (২৩ জুন) এনসিটিবি এই নির্দেশনা পাঠায় আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির চেয়ারম্যান বরাবর।

আজ বুধবার (২৫ জুন) ঢাকা শিক্ষা বোর্ড এ বিষয়ে আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি প্রকাশ করে।

নির্দেশনায় উল্লেখ করা হয়,

২০২৪-২৫ শিক্ষাবর্ষে ভর্তি হওয়া একাদশ শ্রেণির শিক্ষার্থীদের শ্রেণি কার্যক্রম শুরু হয়েছে ২০২৪ সালের আগস্টের দ্বিতীয় সপ্তাহ থেকে।

এই শিক্ষার্থীরাই ২০২৬ সালের মে-জুন মাসে এইচএসসি ও সমমান পরীক্ষায় অংশ নেবে। পরীক্ষা হবে পূর্ণাঙ্গ সিলেবাস ও পূর্ণ নম্বরের ভিত্তিতে।

এনসিটিবির নির্দেশনায় বলা হয়:

পরীক্ষা হবে এনসিটিবি নির্ধারিত পূর্ণাঙ্গ পাঠ্যসূচি অনুযায়ী

সমস্ত বিষয়ের ওপর পূর্ণ নম্বর ও পূর্ণ সময় বরাদ্দ থাকবে

সকল শিক্ষাবোর্ড ও প্রতিষ্ঠানকে অবহিত করার জন্য বলা হয়েছে

প্রয়োজনে প্রশিক্ষণ ও প্রস্তুতির ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে

এ নির্দেশনার ফলে মহামারীকালীন সংক্ষিপ্ত সিলেবাসের প্রক্রিয়া থেকে পূর্ণাঙ্গ শিক্ষাব্যবস্থায় প্রত্যাবর্তনের পথে এগোচ্ছে দেশের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা কার্যক্রম।

এইচএসসি এনসিটিবি আন্তঃশিক্ষা বোর্ড ঢাকা শিক্ষা বোর্ড পূর্ণাঙ্গ পাঠ্যসূচি শিক্ষা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 June, 2025 20:16

URL: https://timestodaybd.com/education/3670614267